

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮১১
আগরতলা, ৮ ফেব্রুয়ারি, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা : আলোকচিত্র প্রদর্শনী
চিত্র সাংবাদিকদের কাছ থেকে ছবি আহ্বান

৪২তম আগরতলা বইমেলায় এবারও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হবে। এজন্য বইমেলা মিডিয়া সাবকমিটির পক্ষ থেকে এই প্রদর্শনীতে অংশগ্রহণে ইচ্ছুক চিত্রসাংবাদিকদের সাম্প্রতিক ২টি করে ছবি তথ্য ও সংস্কৃতি দপ্তরে জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে। ছবি ২টির মধ্যে ১টি প্রদর্শনীতে স্থান পাবে। ছবি পাঠানোর শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি। প্রদর্শনীতে অংশগ্রহণে ইচ্ছুক সাংবাদিকদের photographyicadept@gmail.com ই-মেইলে ছবি পাঠাতে হবে। উল্লেখ্য, ৪২তম আগরতলা বইমেলা হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ২১ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে।
